

মুক্তিযুদ্ধ জাদুঘর

LIBERATION WAR MUSEUM

Plot# F-11/A-B, Civic Sector, Agargaon
Sher-E- Banglanagar, Dhaka-1207, Bangladesh

Institutional Member of AAM

Founder Member of International Coalition of Sites of Conscience

Phone : 880-2-914-2781-3, 880-2-914-2777 (Dir), Fax : 880-2-914-2780

e-mail : mukti.jadughar@gmail.com

Web: www.liberationwarmuseumbd.org

সর্বসাধারণের সহযোগিতায় স্থাপিত নাগরিকজনের প্রতিষ্ঠান

স্মারক নং - মু-জা/০৯-২০/৪৬৬

তারিখ : ০৭ সেপ্টেম্বর ২০২০

শোক সংবাদ

মুক্তিযুদ্ধ জাদুঘরের প্রতিষ্ঠাতা ট্রাস্টি, মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব জিয়াউদ্দিন তারিক আলী আজ সকাল এগারোটায় কোভিড-আক্রান্ত হয়ে বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। তিনি স্ত্রী, পুত্র-কন্যা ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে তাঁকে সমাহিত করা হয়।

পেশায় প্রকৌশলী তারিক আলী যৌবনের শুরু থেকেই ছিলেন সঙ্গীত নিবেদিত। বুলবুল ললিতকলা একাডেমিতে তাঁর সঙ্গীতশিক্ষণ এবং ছায়ানটের সঙ্গে আজীবন সম্পৃক্ততা। ১৯৭০-'৭১ সালে গণসঙ্গীতের দলের অন্তর্ভুক্ত হয়ে তিনি রাজপথে গান গেয়ে বেড়িয়েছেন। মুক্তিযুদ্ধের শুরুতেই তিনি সীমান্ত পাড়ি দিয়ে লড়াইয়ে যোগ দেন। মুক্তিসংগ্রামী শিল্পীদলের সদস্য হয়ে শরণার্থী শিবির, মুক্তিযোদ্ধা ক্যাম্প, মুক্ত এলাকায় যোদ্ধাদের গানের মাধ্যমে উদ্বুদ্ধকরণে এই দলের ছিল বিশেষ ভূমিকা। লিয়ার লেভিন ধারণকৃত সেই দলের সাংস্কৃতিক কর্মকাণ্ডের ফুটেজ কয়েক দশক পর উদ্ধার করেন তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ এবং তাঁদের সাথী ছিলেন নিউ জার্সিতে সেই সময় কর্মরত তারিক আলী। পরে তারেক মাসুদ নির্মিত 'মুক্তির গান' প্রামাণ্যচিত্র তরণদের বিপুলভাবে আলোড়িত করে এবং তারিক আলী ছিলেন এই প্রামাণ্যচিত্রের কেন্দ্রীয় ব্যক্তিত্ব।

১৯৯৬ সালে মুক্তিযুদ্ধ জাদুঘর প্রতিষ্ঠায় উদ্যোগী আটজন ট্রাস্টির অন্যতম ছিলেন তারিক আলী। সেই থেকে মুক্তিযুদ্ধ জাদুঘর হয়ে ওঠে তাঁর সকল কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু। আগারগাঁওয়ে বিশালাকার নতুন জাদুঘর নির্মাণ কাজের তিনি ছিলেন প্রধান সমন্বয়ক। মুক্তিযুদ্ধ জাদুঘরের অবকাঠামো ও কর্মধারার সবখানে জড়িয়ে আছে তাঁর হাতের ছোয়া।

আপাদমস্তক অসাম্প্রদায়িক সংস্কৃতিমনা এই ব্যক্তিত্ব জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ ও ছায়ানটের নির্বাহী সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। সম্মিলিত সামাজিক আন্দোলন তাঁর আরেক কর্মক্ষেত্র। তিনি সম্মিলিত সামাজিক আন্দোলনের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাঁর মৃত্যুতে মুক্তিযুদ্ধের চেতনাবহ কর্মকাণ্ড এবং অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার আন্দোলনে বিশাল শূন্যতার সৃষ্টি হলো। তাঁর কর্মের প্রেরণায় মুক্তিযুদ্ধ জাদুঘর এবং বাংলাদেশ মুক্তিযুদ্ধের স্বপ্নপূরণের পথে এগিয়ে যাবে - এটাই আমাদের আস্থা ও বিশ্বাস। তিনি তাই রয়ে যাবেন জাতির স্মৃতিতে ও কর্মে।

ধন্যবাদসহ-

ট্রাস্টিবৃন্দ

মুক্তিযুদ্ধ জাদুঘর

Celebrating the 24th Anniversary March 22, 2020

Founder Trustees : Dr. Sarwar Ali □ Aly Zaker □ Rabiul Husain □ Ziauddin Tariq Ali □ Sara Zaker

□ Asaduzzaman Noor □ Mofidul Hoque & Akku Chowdhury

NGO Bureau registration no. 1007